

প্রেস বিজ্ঞপ্তি

জানুয়ারি থেকে মার্চ, ২০২৩ পর্যন্ত সময়ে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ-
এর নিবন্ধিত শিল্পের ত্রৈমাসিক পরিসংখ্যান

বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ –এর জানুয়ারি-মার্চ ২০২৩ এই তিন মাসে ২৩১ টি শিল্প প্রতিষ্ঠান নিবন্ধিত হয়েছে। তন্মধ্যে ২০৬টি শিল্প ইউনিটে স্থানীয় ও ১১টি শতভাগ বিদেশি এবং ১৪টি যৌথ বিনিয়োগ রয়েছে। নিবন্ধিত এ সকল প্রতিষ্ঠানে প্রস্তাবিত মোট বিনিয়োগের পরিমাণ ১,৬৭,৮৬২.৪৯১ (এক লক্ষ সাতষট্টি হাজার আটশত বাষট্টি দশমিক চার নয় এক) মিলিয়ন টাকা প্রস্তাবিত এই বিনিয়োগের মধ্যে ১,১৭,৪৯৭.৪০০ (এক লক্ষ সতের হাজার চারশত সাতানব্বই দশমিক চার শূন্য শূন্য) মিলিয়ন টাকা স্থানীয় এবং ৫০,৩৬৫.০৯১ (পঞ্চাশ হাজার তিনশত পয়ষট্টি দশমিক শূন্য নয় এক) মিলিয়ন টাকা বিদেশি বিনিয়োগ। বিগত জানুয়ারি-মার্চ ২০২২ সময়ে শতভাগ বিদেশি ও যৌথ বিনিয়োগের পরিমাণ ছিল ২২,২৭৮.৭৮৫ (বাইশ হাজার দুইশত আটাত্তর দশমিক সাত আট পাঁচ) সে অনুযায়ী বিদেশি বিনিয়োগ প্রস্তাব বৃদ্ধি পেয়েছে ১২৬.০৬% এবং টেক্সটাইল শিল্পখাত, বিবিধ শিল্পখাত, কেমিক্যালস শিল্পখাত এবং কৃষি শিল্পখাতে উল্লেখ যোগ্য পরিমাণ বিনিয়োগ প্রস্তাব পাওয়া গিয়াছে। এ সকল বিনিয়োগের ফলে ৩৯,৯০০ জনের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে।

Dr. M. M. Hossain
১৫/০৪/২৩
মুহাম্মদ জাকির হোসেন
(সহকারী সচিব)
ইউজিট কো-অর্ডিনেটর
বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ
প্রধানমন্ত্রীর কার্যালয়।